

# ক্যাম্পাসে লেজুড়বৃত্তিক রাজনীতি চলবে না : শিবির সেক্রেটারি

জবি প্রতিনিধি

০৭ মার্চ, ২০২৫ ০৫:০৩

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল মো. নূরুল ইসলাম বলেছেন, 'ক্যাম্পাসে লেজুড়বৃত্তিক রাজনীতি চলবে না। কোনো মাদার পার্টির পারপাস সার্ভ করা হবে না।'

তিনি বলেন, ‘ক্যাম্পাসের রাজনীতি হবে এমন প্লাটফর্ম যেখানে মেধার চর্চা হবে; শিক্ষার্থীবান্ধব কর্মসূচি হাতে নিয়ে দেশ গঠনে নেতৃত্বের ভূমিকা রাখবে।’

বৃহস্পতিবার (৬ মার্চ) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ১১৯ নম্বর কক্ষে জবি শাখা ছাত্রশিবির আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে তিনি এসব কথা বলেন।

জবি ছাত্রশিবিরের সভাপতি মো. আসাদুল ইসলামের সভাপতিত্বে ও সেক্রেটারি রিয়াজুল ইসলামের সঞ্চালনায় নুরুল ইসলাম আরো বলেন, ‘ইসলামী ছাত্রশিবির যদি কোনো অপরাধে জড়িয়ে পড়ে, আপনারা (সাংবাদিকরা) তার বিরুদ্ধে লিখবেন। আমাদের সঠিক পথ ধরিয়ে দেবেন।’

শিবির সেক্রেটারি বলেন, ‘ক্যাম্পাস সাংবাদিকরা জুলাই বিপ্লবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তারা কারও পারপাস সার্ভ করার জন্য কাজ করেননি।

স্বাধীনভাবে দেশের পক্ষে কাজ করে গেছেন তারা।’

তিনি বলেন, ‘এই ক্যাম্পাস সাংবাদিকরা না থাকলে জুলাই বিপ্লব সফল হতো না। জুলাইয়ের এক পর্যায়ে সবাই লেখালেখি বন্ধ করে দিলেও ক্যাম্পাস সাংবাদিকরা সাহস করে তাদের লেখা চালিয়ে গিয়েছিলেন।’

নূরুল ইসলাম আরো বলেন, ‘আমরা অনেক সাংবাদিক দেখি, বাড়ি-গাড়ি করে ফেলেছে।

একটা ক্রাইমের রিপোর্ট করে সিডিকিট করে অনেক টাকা আয় করা যায়। আবার অনেক সাংবাদিক খুব কষ্টে দিনাতিপাত করে। দিনশেষে চলার মতো অর্থও তার থাকে না। তাই আমরা চাই, সাংবাদিকদের কল্যাণে রাষ্ট্রের আলাদা একটা বরাদ্দ, পলিসি থাকবে। যাতে তারা নিরপেক্ষভাবে তাদের কার্যক্রম চালিয়ে যেতে পারবে।

,

এ সময় বক্তব্য দেন জবি সাংবাদিক সমিতির সভাপতি ইমরান হুসাইন, প্রেস ক্লাবের সভাপতি সুবর্ণ আস সাইফ এবং জবি রিপোর্টার্স ইউনিটির সভাপতি অমৃত রায়।